

সংবাদ বিজ্ঞপ্তি

দেশে প্রথমবারের মত চালু হলো ৩৬০° ইন্টারনেট সেবা **broadband360°**

ঢাকা - মার্চ ১৮, ২০১৯:

দেশে প্রথমবারের মত চালু হলো ৩৬০ ডিগ্রি ইন্টারনেট সেবা **broadband360°**। Broadband Internet ভিত্তিক এই সেবার মূলে রয়েছে Ultrafast ১০০ Mbps Internet সেবা, সঙ্গে রয়েছে Safe Internet, Eco Friendly Phone, IPTV, VOD, ইত্যাদি।

broadband360° তে থাকছে দুই ধরনের সেবা, **broadband360° Home** এবং **broadband360° Business**। Home এবং Business প্রতিটি ক্যাটাগরিতে খুবই শাস্রই মূল্যে দুই ধরনের প্যাকেজ থাকছে। **Velocity Ultra** যার সর্বোচ্চ নিশ্চিত গতি থাকছে 100Mbps আর **Velocity Super** এ নিশ্চিত গতি থাকছে 75Mbps। **Velocity Home** এ প্যাকেজ দুটির মাসিক মূল্য যথাক্রমে ৩৯৯৯ ও ২৯৯৯ টাকা এবং **Velocity Business** এ এই মূল্য ১১,৯৯৯ ও ৯,৯৯৯ টাকা।

ডিজিটাল বাংলাদেশ রূপকল্পের সাম্প্রতিক প্রচেষ্টা আর এর ভিত্তিতে অনেক দিনের চেষ্টায় কার্যকরি একটি সার্ভিস আনতে সক্ষম হয়েছে **broadband360°** টিম। যার মাধ্যমে যে কোনো অভিভাবক Safe Internet নিশ্চিত করতে পারবেন নিজের বাড়িতে বা অফিসে। বিস্তারিত জানা যাবে আমাদের ওয়েবসাইট **broadband360.com.bd**, সামাজিক মাধ্যম অথবা আমাদের ২৪ ঘন্টা হেল্পডেস্ক নম্বর ০৯৬৬৬ ৩৬০ ৩৬০ এ।

Broadband360° যার Tagline হচ্ছে Safe Internet and Eco Friendly Phone, এখানে 360 বলতে Broadband Internet এর সকল সুবিধা সহ সেবাসমূহ বোঝায়। বস্তুত **broadband360°** হচ্ছে একটি Triple Play (Internet, Phone, TV) ইন্টারনেট সার্ভিস যা আইপিটিভি এর অনুমোদন না থাকার কারণে কিছুদিন পূর্ব পর্যন্ত দেওয়া সম্ভব হয়নি। সাম্প্রতিক সময়ে BTRC এর অনুমোদনের প্রেক্ষিতে **broadband360°** চালু করা সম্ভব হয়েছে। উল্লেখ্য Triple Play-র অন্যান্য সেবা সমূহ ইন্টারনেট এবং ফোনের অনুমোদন ও সেবা কার্যক্রম বাংলাদেশে দীর্ঘদিন যাবৎ চালু রয়েছে।

এখানে উল্লেখ্য যে **broadband360°** এর মাধ্যমে বাংলাদেশের জনগণ যে কোনো ডিজিটাল মাধ্যম যেমন, ল্যাপটপ, ডেস্কটপ, স্মার্টফোন, ট্যাবলেট কম্পিউটার, স্মার্টটিভি ইত্যাদিতে সরকার অনুমোদিত সকল দেশি বিদেশী টিভি চ্যানেল উপভোগ করতে পারবেন। **broadband360°** সেইফ ইন্টারনেট একটি ওয়াইফাই রাউটারের মাধ্যমে দেওয়া হবে যা ৫৭টির বেশী ক্যাটাগরির ভিত্তিতে content filter করে থাকে এবং Cloud সার্ভিসের মাধ্যমে প্রতিনিয়ত হালনাগাদ হতে থাকে। উদাহরণ স্বরূপ পর্নগ্রাফি, হিংস্রতা(violance), অশোভন বিজ্ঞাপন, বিদ্রোহমূলক প্রচারণা, মাদক, জুয়া, স্বত্ব জালিয়াতি, ধর্মীয় উগ্রবাদ, অস্ত্র, ফিশিং, সামাজিক যোগাযোগ, ইত্যাদি।

আজ ১৮ই মার্চ আমরা সংবাদমাধ্যমের কাছে প্রথমবারের মত আত্মপ্রকাশ করছি, আগামী ১৯ মার্চ BASIS সফটওয়্যার ২০১৯ এ আমাদের প্যাভিলিয়ন থেকে আমরা সর্বসাধারণের সামনে নিজেদের উপস্থাপন করবো। আগামী ১লা বৈশাখ (১৪ এপ্রিল ২০১৯) থেকে ঢাকা শহরে **broadband360°**-র বাণিজ্যিক কার্যক্রম শুরু হবে। ইনশাআল্লাহ পর্যায়ক্রমে সারা দেশে এই সেবার পরিধি বিস্তৃত হবে।

আমাদের ব্যবসায়িক কার্যক্রমে, সমাজের প্রতি নৈতিক দায়বদ্ধতা এবং আমাদের আগামী প্রজন্মের মানসিক গঠন ও বিকাশ-এর কথা চিন্তা করে আমরা সাজিয়েছি **broadband360°** | আশা করি আপনাদের সহযোগিতা এবং দিক নির্দেশনার প্রেক্ষিতে **broadband360°**-র যাত্রা সহজ ও বেগবান হবে।

ধন্যবাদান্তে

এস এম গোলাম ফারুক আলমগীর

প্রকল্প পরিচালক

Broadband360°

এবং

ব্যবস্থাপনা পরিচালক

বিডিকম অনলাইন লিমিটেড